**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 14.06.2026** **Desk in Charge: Susmita M.**
**Time: 1-40 PM** **Edit. & Compile: Prajesh B.**
**DEO: KB** **NRT : Subhamita M.**
**Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-**

**************************************************************

তৃণমূল কংগ্রেসের অন্দরে চলা বিদ্রোহ আরও মারাত্মক আকার ধারণ করার ইঙ্গিত মিলেছে। বিদ্রোহী শিবিরের অন্যতম প্রধান নেত্রী তথা বারাসতের সাংসদ কাকলি ঘোষ দস্তিদার, আজ এক বিস্ফোরক দাবি করে জানিয়েছেন যে, তাঁদের পক্ষে থাকা বিক্ষুব্ধ সাংসদের সংখ্যা ১৯ থেকে বেড়ে এখন ২২-এ পৌঁছেছে।

তৃণমূল কংগ্রেসের সংসদীয় দলের সূত্রে জানা গেছে, **আগামীকাল** লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার সঙ্গে দেখা করার আগে আজ সন্ধ্যায় দিল্লিতে, বিদ্রোহী ব্লকের সদস্যরা বৈঠকের ডাক দিয়েছেন। এই বৈঠকেই অধ্যক্ষের কাছে জমা দেওয়ার জন্য চূড়ান্ত রণকৌশল ও খসড়া তৈরি করা হবে। এরপর তাঁরা অধ্যক্ষের কাছে গিয়ে নিজেদের জন্য সংসদে একটি সম্পূর্ণ পৃথক সংসদীয় ব্লক বা গোষ্ঠী হিসেবে স্বীকৃতির জন্য আনুষ্ঠানিক আবেদন জানাবেন।

***************************

বিধানসভায় সই জাল কান্ডের তদন্তে তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী আজ সকাল ১১ টা ৪৫ নাগাদ ভবানীভবনে হাজিরা দেন। এবিষয়ে নতুন করে জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে তলব করেছে সিআইডি।

উল্লেখ্য, গত ১২ তারিখ এক দফায় অভিষেককে জিজ্ঞসাবাদ করে সিআইডি। আজ তাকে এ বিষয়ে নতুন করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে বলে জানা গেছে ।

তৃণমূল কংগ্রেসের বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষকেও আজ জিজ্ঞাসাবাদের জন্য সিআইডি ডেকে পাঠিয়েছে বলে জানা গেছে।

***************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, **আগামীকাল** পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে জনকল্যাণ শিবিরের উদ্বোধন করবেন। সাধারণ মানুষের কাছে সামাজিক সুরক্ষা প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে শুরু হচ্ছে নতুন সরকারের এই জনকল্যাণ শিবিরগুলি। আগামীকাল (১৫'ই জুন) থেকে ১৭'ইজুন পর্যন্ত রাজ্যের প্রতিটি ব্লকে বসবে এই শিবির।

এই শিবিরগুলিতে সরকারের ৫৫ ধরনের সমাজকল্যাণমূলক প্রকল্প সম্পর্কে জানতে পারবেন সাধারণ মানুষ।

এদিকে, জনকল্যাণ শিবির সুষ্ঠুভাবে পরিচালনার জন্য জেলায় সচিব স্তরের IAS আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে। কলকাতা পুরসভা এলাকাতেও ১৬ টি বরোতে জনকল্যাণ শিবির আয়োজিত হবে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে **আগামী একুশে জুন** কলকাতার রেড রোডে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য যোগসঙ্গম পোর্টাল চালু করা হবে। যোগ দিবসের অনুষ্ঠানের প্রস্তুতি নিয়ে স্বাস্থ্য সচিব নারায়ন স্বরূপ নিগম গতকাল স্বাস্থ্য ভবনে বৈঠক করেন। বিভিন্ন আবাসন, স্কুল কলেজ, সরকারি প্রতিষ্ঠানের সবাইকে এই পোর্টালের মাধ্যমে যোগ অনুশীলনে যুক্ত হওয়ার জন্য তিনি আহ্বান জানিয়েছেন।

অন্যদিকে, যোগ দিবসের অনুষ্ঠানে সামিল হতে চাইলে সাধারণ মানুষ তাদের হোয়াটসঅ্যাপ নম্বর থেকে ১৮০০-৩১৫-৭০০৮ এই নম্বরে মিসড কল দিতে পারেন বলেও তিনি জানান। উনিশে জুন **'দৌড় সে ধ্যান তক'** নামে রান ফর যোগার আয়োজন করা হয়েছে। বিশে জুন গঙ্গাবক্ষে নৌকার উপরে যোগাভ্যাসের পরিকল্পনা করা হয়েছে। একুশে জুন প্রধানমন্ত্রীর যোগ দিবসের অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য ভোর পাঁচটার মধ্যে হাজির হতে বলা হয়েছে। প্রায় তিরিশ হাজার মানুষ প্রধানমন্ত্রীর সঙ্গে ওই দিন যোগাসন করতে পারবেন বলে তিনি জানিয়েছেন।

এদিকে, আন্তর্জাতিক যোগ দিবস পালন ঘিরে **নদীয়া** জুড়ে বেড়েছে যোগ চর্চার উন্মাদনা। জেলার স্বাস্থ্য কেন্দ্র, শিক্ষা প্রতিষ্ঠান ক্লাবগুলিতে জোরকদমে চলেছে যোগ অভ্যাস।

***************************

কলকাতাকে আরও পরিচ্ছন্ন ও বাসযোগ্য শহর হিসেবে গড়ে তোলার লক্ষ্যে **আগামীকাল থেকে** পাঁচ দিনের বিশেষ অভিযান চলবে। ভবানীপুরে এক জনসভায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী গতকাল একথা ঘোষণা করেছেন। তিনি জানান, ১৫ই জুন সোমবার থেকে ১৯শে জুন শুক্রবার পর্যন্ত কলকাতা জুড়ে বিশেষ স্বচ্ছতা অভিযান চালানো হবে। শহরকে পরিষ্কার-পরিচ্ছন্ন, যানজটমুক্ত ও আরও নাগরিকবান্ধব করে তুলতেই এই কর্মসূচি নেওয়া হচ্ছে।

এই বিশেষ স্বচ্ছতা অভিযানে কলকাতার বিভিন্ন ওয়ার্ডে পরিচ্ছন্নতা কর্মসূচি, রাস্তা ও ফুটপাত পরিষ্কার, আবর্জনা অপসারণ এবং জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ নেওয়া হবে। নাগরিকদেরও এই অভিযানে শামিল হওয়ার আহ্বান জানান মুখ্যমন্ত্রী। সভা থেকে তিনি বিশে জুন পশ্চিমবঙ্গ দিবস এবং ২১শে জুন আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে রাজ্যবাসীকে অংশগ্রহণের আহ্বানও জানান।

***************************

রাজ্য সরকার ২০১১ সাল থেকে ইস্যু হওয়া সমস্ত জাতিগত শংসাপত্র যাচাইয়ের কাজ শুরু করেছে। এই কাজ দ্রুত শেষ করার জন্য অনগ্রসর শ্রেণী কল্যাণ দপ্তরের পক্ষ থেকে একটি মান্য কার্যবিধি প্রকাশ করা হয়েছে। এছাড়া জেলাশাসক, মহকুমাশাসক, বিডিও এবং সংশ্লিষ্ট আধিকারিকদের সমস্ত নথি যাচাই করে এই বিষয়ে একটি রিপোর্ট পোর্টালে আপলোড করার কথা বলা হয়েছে। কোনো শংসাপত্র ভুয়ো প্রমাণিত হলে তা বাতিল করে সংশ্লিষ্ট অর্ডারও পোর্টালে আপলোড করার নির্দেশ দেওয়া হয়েছে। যাচাইয়ের কাজে কারচুপি এড়াতে ব্লক ও মহকুমা স্তরে তদন্তকারী আধিকারিকদের পৃথক লগ ইন আইডি তৈরির নির্দেশ দেওয়া হয়েছে।

***************************

সামাজিক সুরক্ষা প্রকল্প সহ নানা বিষয়ে অভিযোগ জানানোর জন্য রাজ্য সরকার একটি অনলাইন পোর্টাল চালু করেছে। মুখ্যমন্ত্রীর দপ্তরের ওয়েবসাইটে গিয়ে এই পোর্টাল খুলে নাম, ঠিকানা, ফোন নাম্বার দিয়ে অভিযোগ জানানো যাবে। একই সঙ্গে সেই সংক্রান্ত নথিও আপলোড করার সুযোগ থাকছে। উল্লেখ্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সম্প্রতি অভিযোগ জানানোর জন্য **আপনার সরকার আপনার পাশে** নামে একটি হেল্পলাইন চালু করেন। নম্বরটি হলো ৮২৮২০-৮২৮২০। এছাড়াও চালু হয়েছে ই-মেল আইডি asap@wb.gov.in

***************************

রাজ্য সরকার আরও ২৩টি বেসরকারি হাসপাতালের ৫৪০ টি শয্যা স্বাস্থ্য দপ্তরের বেড ব্যাংকে যুক্ত করবে। স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার গতকাল স্বাস্থ্য দপ্তরের আধিকারিক সহ এই বেসরকারি হাসপাতালগুলির কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেন। তিনি জানান রাজ্য সরকারের কাছ থেকে বিনামূল্যে জমি পাওয়া হাসপাতালগুলির দশ শতাংশ শয্যায় গরিব রোগীদের বিনামূল্যে চিকিৎসা হবে।

উল্লেখ্য এর আগে তিনি সতেরোটি বেসরকারি হাসপাতালের সঙ্গে বৈঠকের পর ৬৬০ টি শয্যা রাজ্য সরকারের বেড ব্যাংকে যুক্ত করার কথা জানানো হয়েছিল। রাজ্য স্বাস্থ্য দপ্তরের অধীনে সরকারি হাসপাতাল, মেডিকেল কলেজ, স্বাস্থ্য কেন্দ্র মিলিয়ে ৯৭ হাজার সরকারি শয্যা রয়েছে। এর সঙ্গে আরও বিভিন্ন বেসরকারি হাসপাতালের আরও ২ হাজার শয্যা যুক্ত করার লক্ষ্যমাত্রা রাখা হয়েছে বলে মন্ত্রী জানিয়েছেন।

******************************************************************